মেহেরপুরে প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ

মেহেরপুরের দুটি আসনে প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দিয়েছেন জেলা রিটানিং কর্মকর্তা ও জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবীর। আজ বুধবার দুপুর ৩টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে প্রার্থীদের উপস্থিতিতে প্রতীক বরাদ্দ দেওয়া হয়।

মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসনের বিএনপি প্রার্থী মাসুদ অরুনকে ধানের শীষ, জামায়াত প্রাথী তাজ উদ্দিন খানকে দাড়িপাল্লা, জাতীয় প্রার্টি প্রাথী আব্দুল হামিদকে লাঙ্গল এবং সিবিপি প্রার্থী এ্যাড. মিজানুর রহমানকে কাস্তে প্রতীক বরাদ্দ দেওয়া হয়েছে।

মেহেরপুর-২ (গাংনী) আসনে বিএনপি প্রার্থী আমজাদ হোসেনকে ধানের শীষ, জামায়াত প্রার্থী নাজমুল হুদাকে দাড়িপাল্লা এবং জাতীয় পার্টি প্রার্থী আব্দুল বাকীকে লাঙ্গল প্রতীক বরাদ্দ দেওয়া হয়।

মেহেরপুরে চকশ্যামনগর প্রাথমিক বিদ্যালয়ে মউকের আয়োজনে ‘শিশুবরণ’ উৎসব অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন শিক্ষার্থীদের বরণ করে নিতে এক আনন্দঘন ‘শিশুবরণ’ উৎসব অনুষ্ঠিত হয়েছে। মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর আয়োজনে এবং গণসাক্ষরতা অভিযান-এর সহযোগিতায় এই ব্যতিক্রমী কর্মসূচি পালন করা হয়।

আজ বুধবার সকালে বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছা: হালিমা খাতুন। অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মউকের প্রতিনিধি দল, বিদ্যালয়ের সহকারী শিক্ষকবৃন্দ এবং

অভিভাবকগণ।

অনুষ্ঠানের শুরুতেই নতুন ভর্তি হওয়া শিশুদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয় এবং তাদের মিষ্টিমুখ করানো হয়। প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা বলেন, “একটি শিশুও যেন স্কুল থেকে ঝরে না পড়ে, সেই লক্ষ্যে আমরা কাজ করছি। মউক ও গণসাক্ষরতা অভিযানের এই উদ্যোগ শিশুদের পড়াশোনায় আরও আগ্রহী করে তুলবে।”

উৎসবের মূল আকর্ষণ ছিল খুদে শিক্ষার্থীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। শিশুদের নাচ ও গানে পুরো বিদ্যালয় প্রাঙ্গণে উৎসবের আমেজ ছড়িয়ে পড়ে। অনুষ্ঠান শেষে মউক ও গণসাক্ষরতা অভিযানের পক্ষ থেকে শিশুদের হাতে বিভিন্ন শিক্ষা উপকরণ ও উপহার সামগ্রী তুলে দেওয়া হয়।

উপস্থিত অভিভাবকরা এই উদ্যোগের প্রশংসা করে বলেন, কলেজের নবীন বরণের মতো ছোট শিশুদের এভাবে বরণ করে নেওয়া সত্যিই প্রশংসনীয়, যা শিশুদের মেধা বিকাশে ও স্কুলমুখী করতে সহায়ক হবে।

মুজিবনগরে উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

হৃদরোগ ও স্ট্রোকে মৃত্যুহার কমানো এবং বাংলাদেশ উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণ কর্মসূচিকে আরও শক্তিশালী করার লক্ষ্যে মুজিবনগরে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কনফারেন্স রুমে এ প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নন-কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি) প্রোগ্রাম ও ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন এর উদ্যোগে এ কর্মশালাটি অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মশালায় সভাপতিত্ব করেন, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান

স্যার।

তিনি তাঁর বক্তব্যে বলেন, উচ্চরক্তচাপ ও ডায়াবেটিস নিয়ন্ত্রণের মাধ্যমে হৃদরোগ ও স্ট্রোকজনিত মৃত্যুহার উল্লেখযোগ্যভাবে কমানো সম্ভব। এক্ষেত্রে প্রাথমিক স্বাস্থ্যসেবাকে আরও কার্যকর ও শক্তিশালী ভূমিকা পালন করতে হবে।

কর্মশালায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের বিভাগীয় প্রোগ্রাম অফিসার ডা: শৌভিক রায় এবং সার্ভিলেন্স মেডিকেল অফিসার ডা: আলী নূর হাসান। এছাড়াও উক্ত প্রশিক্ষণে উপস্থিত ছিলেন ফিল্ড অফিসার মোহাইমিনুল ইসলাম এবং ফিল্ড অফিসার মাহফুজুল হকসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।

কর্মশালায় উচ্চ রক্তচাপ ও ডায়াবেটিস নিয়ন্ত্রণে সরকারের এই কার্যক্রমকে সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে স্থানীয় সরকার প্রতিনিধি, গণমাধ্যমকর্মী, মসজিদের ইমামসহ অন্যান্য ধর্মীয় নেতা ও স্কুল-কলেজের শিক্ষকদের ভূমিকার ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়।

এ প্রশিক্ষণে মুজিবনগর উপজেলার ১১ টি কমিউনিটি ক্লিনিকের সকল সিএইচসিপি এবং কমিউনিটি গ্রুপের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

মেহেরপুরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে আহত শ্রমিকের মৃত্যু

মেহেরপুরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে গুরুত্বর আহত শ্রমিক আব্দুল মান্নান চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছে। গতকাল মঙ্গলবার বিকেলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

নিহত আব্দুল মান্নান সদর উপজেলার বামনপাড়া এলাকার আক্কাস আলীর ছেলে। জানা গেছে, সোমবার দুপুরের দিকে শহরের ফৌজদারি পাড়ায় বাপ্পী সরকার নামের এক ব্যক্তির নির্মাণাধীন বাড়িতে সিঁড়ি ঘরের

টিন প্লাস্টিকের পাইপ লাগানোর ভবনের পাশ দিয়ে যাওয়া বিদ্যুতের উচ্চভোল্টেজ সম্পন্ন মেইন লাইনের সাথে টিন বাধা তারের স্পর্শ লাগলে তিনি বিদ্যুৎস্পৃষ্ট হয়ে গুরুতর আহত হন।

পরে তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তার অবস্থার অবনতি হওয়ায় ঢাকা বার্ন ইউনিটে রেফার করেন। সেখানে চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার বিকেলে তিনি মারা যান।

মেহেরপুরে গণভোটের প্রচারণায় ‘ভোটের রিকশা’ কার্যক্রমের উদ্বোধন

গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে সারাদেশের ন্যায় মেহেরপুরেও ভোটের রিকশা প্রচার কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

মেহেরপুর জেলা তথ্য অফিসের আয়োজনে বুধবার (২১ জানুয়ারি) জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণে এ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির।

জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে জেলা নির্বাচন অফিসার মো. এনামুল হক এবং সিভিল সার্জন ডা. এ কে এম আবু সাইদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, আগামী ১২ ফেব্রুয়ারি একযোগে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠিত হতে যাচ্ছে। এই গণভোটের প্রচার কার্যক্রমের অংশ হিসেবে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উদ্যোগে এবং গণযোগাযোগ অধিদপ্তরের সহযোগিতায় ভোটের রিকশা নামের এই আইকনিক প্রচার কার্যক্রম চালু করা হয়েছে।

তিনি বলেন, আজ থেকে মেহেরপুর জেলার তিনটি উপজেলায় ভোটের রিকশা

কার্যক্রম ছড়িয়ে পড়বে। ভোটের রিকশা কার্যক্রমের মূল উদ্দেশ্য হলো গণভোট সম্পর্কে জনগণকে সচেতন ও উদ্বুদ্ধ করা। ‘হ্যাঁ’তে ভোট দিলে জনগণ কী সুবিধা পাবে এবং ‘না’তে ভোট দিলে কী থেকে বঞ্চিত হবে এসব বিষয় প্রচারের মাধ্যমে সাধারণ মানুষকে সঠিকভাবে জানাতে হবে।

একই সঙ্গে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটারদের করণীয় ও বর্জনীয় বিষয়, রাজনৈতিক দলগুলোর আচরণবিধি সম্পর্কিত তথ্য গ্রাম-গঞ্জ, হাট-বাজার, স্কুল-কলেজ ও পাড়া-মহল্লায় ভোটের রিকশার মাধ্যমে প্রচার করা হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর অবৈধভাবে মাটি কাটার অপরাধে ব্যাবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের বিলপাড়ায় অবৈধভাবে মাটি কাটার অপরাধে ১ জন ব্যাবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্মমান আদালত।

গতকাল মঙ্গলবার সহকারী কমিশনার (ভূমি) সুমাইয়া জাহান ঝুরকা এ রায় দেন।

এ সময় অবৈধভাবে মাটি কাটার অপরাধে বালুমহাল ও মাটি ব্যাবস্থাপনা আইন ২০১০ সালের ১৫(১) ধারায় এক ব্যাক্তির কাছ থেকে ১ লক্ষ টাকা জরিমানা আদায় করেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালে অটো চালকদের দৌরাত্ম

মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের সামনে দিনদিন বাড়ছে অটো চালকদের বিড়ম্বনা ও দৌরাত্ম । হাসপাতালের প্রধান ফটকে অটো দিয়ে ঘিরে রাখায় রোগীদের পোহাতে হচ্ছে নানা ভোগান্তি। অটোর ভীড়ে হাসপাতালে মুমুর্ষ রোগীরদের জরুরি বিভাগ ও চিকিৎসকদের কাছে নিয়ে যেতে হিমশিম খেতে হচ্ছে রোগীর স্বজনদের। রোগীদের প্রয়োজনে হাসপাতালের সামনে থেকে অটো সরিয়ে নিতে বল্লে মারমুখী আচরন করেন অটোচালকরা।

শুধু তাই নয়, হাসপাতালের সামনে থেকে অটো সরিয়ে নিতে বল্লে বহিরাগত রোগী ও স্বজনদের নানা ধরনের হুমকি ধামকি দেন অটোচালকরা, দেখান রাজনৈতিক দলের দাপট। এসকল অভিযোগ ভুক্তভোগী অনেকের।

হাসপাতালের মধ্য থেকে অটোসহ সকল ধরনের মানুষবাহী যানবাহন অপসারন ও নিষেধাজ্ঞার দাবীও করেন ভুক্তভোগীরা। সেবা প্রত্যাশীদের প্রয়োজনে বিষয়টি দেখবেন জানান হাসপাতাল কর্তৃপক্ষ।

চলতি সপ্তাহের রবিবার, সোমবার ও মঙ্গলবার মসরেজমিনে দেখা গেছে, হাসপাতালের সামনের গেটের অংশের যে রাস্তা দিয়ে রোগীদের নিয়ে জরুরী বিভাগসহ হাসপাতালে চিকিৎসা নিতে প্রবেশ করতে হয় ঠিক সেই গেটের সামনে ১৫/ ২০ অটোরিকশা রাখা হয়েছে।

অটোরিকশার সামনে দাঁড়িয়ে যাত্রী ডাকছেন চালকরা। বেশকিছু অটোরিকশা ছড়িয়ে ছিটিয়ে রাখা হয়েছে হাসপাতালের পুরো আঙ্গিনা জুড়ে। রোগীরা আসছেন হাসপাতালে প্রবেশ করছেন অনেক কস্ট করে। হাসপাতালের সামনে অটোরিকশা রাখার বিষয়ে কথা হয় কয়েকজন অটোচালকদের সাথে। নানা ধরনের খোড়া যুক্তিতর্ক তুলে ধরেন চালকরা। হাসপাতালের সামনে অটোরিকশা রাখায় জনভোগান্তি হচ্ছে এ কথা কোনোভাবেই মানতে নারাজ তারা। স্থানীয় ক্ষমতার দাপটে সব অন্যায় যেনো ভুক্তভেগীদের।

শোলমারী গ্রাম থেকে চিকিৎসা নিতে আসা বৃদ্ধ আশাদুল ইসলাম জানান, অটোরিকশার ভীড়ে হাসপাতালে প্রবেশ করতে পারছিলাম না।

উত্তরশালিকা গ্রামের জোসনা খাতুন জানান,আমার বৃদ্ধ মাকে হাসপাতালে নিয়ে এসেছি। ভ্যান থেকে নামিয়ে ট্রলিতে তোলার সময় অটোর ভীড়ে চরম দুর্ভোগ পোহাতে হয়েছে। এমন দুর্ভোগের কথা জানালেন, সুভরাজপুর গ্রামের মুন্তাজ আলী,ঢেপা গ্রামের বশিরুদ্দিন,রামদাসপুর গ্রামের ফুলচাদ মিয়া, কুলবাড়িয়া গ্রামের জরিনা খাতুন ও গাড়াবাড়িয়া গ্রামের চামেলী খাতুন। অটো সরিয়ে রাখতে বল্লে তাদের সাথেও খারাপ আচরণ করেন অটোমালিরা।

ভুক্তভোগীদের দাবী হাসপাতালের সামনে অটোরিকশা না রাখার বিষয়ে কর্তৃপক্ষ ব্যবস্থা নেবেন।

জেলার প্রায় সাড় ৭ লক্ষ মানুষের চিকিৎসার একমাত্র ভরসা মেহেরপুর জেনারেল হাসপাতাল। এখানে প্রতিদিন প্রায় ৩ /৪ শ৷ রোগী সেবা নিতে আসেন। রোগীদের ও তাদের স্বজনদের ভীড়ে সরগরম হয়ে থাকে হাসপাতাল চত্বর। এখানে অটোরিকশার দৌরাত্ম্য বন্ধের প্রয়োজন বলে জানান স্থানীয় অনেকেই।

এবিষয়ে হাসপাতালের তত্বাবধায়ক ডা্ বুলবুল কবীর বলেন, সেবা প্রত্যাশী ভুক্তভোগীদের প্রয়োজনে হাসপাতালের সামনে অটোরিকশা অপসারন করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে গণভোটের প্রচার এবং বিভিন্ন বিষয়ে উঠান বৈঠক

মেহেরপুরে গণভোটের প্রচার এবং মাদক, চোরাচালান, অনলাইন ক্যাসিনো, আত্মহত্যা, বাল্যবিবাহ, ইভটিজিং, যৌতুক ও নারী নির্যাতনরোধে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ উঠান বৈঠক ও গণভোটের প্রচার অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল

ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় এবং জেলা নির্বাচন অফিসার মোঃ এনামুল হক।

এছাড়া উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) সুমাইয়া জাহান ঝুরকা, জেলা তথ্য অফিসার আব্দুল আল মামুন, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুল মুনীর, সদর উপজেলা উপ-সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ইমান আলী, পল্লী উন্নয়ন অফিসার রাকিবুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি নাসির উদ্দিন, ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইসমাইল হোসেন, পুলিশ পরিদর্শক শিমুল হোসেন এবং ইউনিয়ন প্রশাসন কর্মকর্তা মোঃ সানোয়ার হোসেনসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও এলাকাবাসী।

এই উঠান বৈঠকের মূল লক্ষ্য ছিল আসন্ন গণভোটে জনগণকে সচেতন ও অংশগ্রহণমূলক করে তোলা। পাশাপাশি সামাজিক ব্যাধি যেমন মাদক ব্যবসা ও চোরাচালান, অনলাইন ক্যাসিনো জুয়া, আত্মহত্যা প্রবণতা, বাল্যবিবাহ, ইভটিজিং, যৌতুক প্রথা এবং নারী নির্যাতন রোধে সচেতনতা সৃষ্টি করা।

মেহেরপুরে এনসিপি প্রার্থীর মনোনয়ন প্রত্যাহার

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিনে মেহেরপুর-১ আসনে এনসিপি প্রার্থী ইঞ্জি. সোহেল রানা তাঁর মনোনয়ন প্রত্যাহার করেছেন। এর ফলে মেহেরপুর-১ আসনে ৪ জন এবং মেহেরপুর-২ আসনে ৩ জন চূড়ান্ত প্রার্থী থাকলেন।

মঙ্গলবার বিকেলে এনসিপি প্রার্থীর পক্ষে এনসিপি সদস্য হাসনাত জামান সৈকতের নেতৃত্বে একটি প্রতিনিধি দল জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবীরের হাতে প্রত্যাহারের আবেদন তুলে দেন।

এর ফলে মেহেরপুর-১ আসনের চূড়ান্ত প্রার্থীরা হলেন বিএনপি

প্রার্থী মাসুদ অরুণ, জামায়াত প্রার্থী তাজ উদ্দিন আহমেদ, জাতীয় পার্টির প্রার্থী আব্দুল হামিদ এবং বাংলাদেশের কমিউনিস্ট পার্টির (সিপিবি) প্রার্থী অ্যাডভোকেট মিজানুর রহমান।

মেহেরপুর-২ আসনের চূড়ান্ত প্রার্থীরা হলেন বিএনপি প্রার্থী মো. আমজাদ হোসেন, জামায়াত প্রার্থী নাজমুল হুদা এবং জাতীয় পার্টির প্রার্থী আব্দুল বাকি।

মেহেরপুরে হারানো ৯২টি মোবাইল ও ৫৫ হাজার টাকা মালিকের হাতে তুলে দিল পুলিশ

মেহেরপুর পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের উদ্যোগে উদ্ধারকৃত হারানো মোবাইল ফোন ও অনলাইনে প্রতারণার মাধ্যমে আত্মসাৎকৃত নগদ অর্থ প্রকৃত মালিকদের কাছে হস্তান্তর করেছে পুলিশ।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে মেহেরপুর জেলা পুলিশ সুপারের কার্যালয়ে এ হস্তান্তর করা হয়। উদ্ধারকৃত ৯২টি মোবাইল ফোন ও নগদ অর্থ ভুক্তভোগীদের হাতে তুলে দেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়।

পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় সাইবার সচেতনতার গুরুত্ব তুলে ধরে বলেন, তথ্য-প্রযুক্তির এই যুগে আমরা কেউই অ্যান্ড্রয়েড মোবাইল ফোন ও সাইবার স্পেসের বাইরে নই। তাই নিজের নিরাপত্তা নিশ্চিত করতে মোবাইল ফোন ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সবাইকে আরও সচেতন ও সতর্ক হতে হবে। তিনি পুরাতন মুঠোফোন কেনার ক্ষেত্রে অবশ্যই মোবাইলের বক্স ও ক্যাশ মেমো সংগ্রহের পরামর্শ দেন। পাশাপাশি অনলাইনে প্রতারণা এড়াতে বিকাশ, নগদ বা অন্যান্য মোবাইল ব্যাংকিং অ্যাপের ওটিপি কারও সঙ্গে শেয়ার না করার আহ্বান জানান। অনলাইনে কোনো কিছু ক্রয়ের আগে অভিজ্ঞজনের সঙ্গে পরামর্শ করার কথাও বলেন তিনি।